# বার্ষিক পরিকল্পনা ২০২৫-২৬
# উপজেলা পরিষদ

**শ্রীমঙ্গল, মৌলভীবাজার।**



**সার্বিক সহযোগিতায়**
ও
**সম্পাদনায়**

জনাব মোঃ ইসলাম উদ্দিন
উপজেলা নির্বাহী অফিসার
শ্রীমঙ্গল, মৌলভীবাজার ।

**কারিগরী সহযোগিতায়**

পরিকল্পনা প্রণয়ন বিষয়ক কারিগরী দল (টিজিপি), উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল, মৌলভীবাজার ।

অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহোরণ বিষয়ক উপজেলা কমিটি (ইউসিএফবিপিএলআরএম), উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

**ডিজাইন**

মৃনাল কান্তি দাশ
প্রশাসনিক কর্মকর্তা
উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল, মৌলভীবাজার ।

**মুদ্রণে**

এস কে দাশ প্রিন্টার্স, শ্রীমঙ্গল, মৌলভীবাজার ।

**গ্রন্থস্বত্ব**

উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল, মৌলভীবাজার ।

**প্রকাশকাল**

জুলাই, ২০২৫



মো: ইসলাম উদ্দিন
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
শ্রীমঙ্গল, মৌলভীবাজার

## বাণী

স্থানীয় সরকার ব্যবস্থা শক্তিশালীকরণ ও ক্ষমতা বিকেন্দ্রীকরণের লক্ষ্যে উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ (০১ ডিসেম্বর ২০১১ তারিখে সংশোধিত) কার্যকর হয়েছে।এই আইনের আওতায় উপজেলা পরিষদের কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করার জন্য ১৩ টি বিধিমালা ও উপজেলা পরিষদ ম্যানুয়াল, ২০১৩ প্রণয়ণ করা হয়েছে।এসব আইন, বিধিমালা প্রণয়নের ফলে এবং তার যথাযথ অনুসরণ কার্যকর হলে স্থানীয় পর্যায়ে সুশাসন ও জনকল্যাণ নিশ্চিত হবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৫৯ অনুচ্ছেদে বলা হয়েছে যে স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ জনসেবা ও অর্থনৈতিক উন্নয়ন সম্পর্কিত পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন করবে।উপজেলা পরিষদ আইন ১৯৯৮ এর ধারা ৪২ এ বলা হয়েছে যে উপজেলা পরিষদসমূহ উপজেলার আ -সামাজিক উন্নয়নের জন্য পঞ্চ-বার্ষিক পরিকল্পনা, বার্ষিক উন্নয়ন পরিকল্পনাসহ উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন করবে। আইনের ২য় তফসিলে (উপজেলা পরিষদের কার্যাবলী) এর ১নং ক্রমিকে এই বিষয়টির উল্লেখ রয়েছে। বাংলাদেশের স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের জন্য উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের ক্ষেত্রে আইনগত বাধ্যবাধকতা রয়েছে। সেই লক্ষ্যে  উপজেলা পরিষদকে গতিশীল করতে স্থানীয় পর্যায়ে বার্ষিক পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এর প্রেক্ষিতে শ্রীমঙ্গল উপজেলা পরিষদের পক্ষ থেকে বার্ষিক পরিকল্পনা ২০২৫-২৬ তৈরীর উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

শ্রীমঙ্গর উপজেলার  বার্ষিক পরিকল্পনা ২০২৫-২৬ প্রণয়নের ক্ষেত্রে উপজেলা পরিষদের সক্ষমতা, সরকারি-বেসরকারি খাতের অর্থপ্রবাহ, স্থানীয় চাহিদাকে বিবেচনায় নিয়ে অগ্রাধিকার দেয়া হয়েছে। জনগণের সার্বিক উন্নয়নের জন্য অংশীদারিত্বমূলক পদ্ধতিতে তৃণমূল পর্যায়ে জনগণের মতামত নিয়ে চাহিদা নির্ণয়পূর্বক বার্ষিক পরিকল্পনা প্রণয়ন ওবাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ নিশ্চিতকল্পে শ্রীমঙ্গল উপজেলায় পরিকল্পনা প্রণয়নে নির্বাচিত সকলের অংশগ্রহণের মাধ্যমে প্রণীত পরিকল্পনার সুষমবাস্তবায়ন সম্ভব হবে বলে আশা করি। জন প্রতিনিধি ও সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তাদের যে উদ্যোগ লক্ষ্য করছি তাতে আমি আশা করতে পারি অচিরেই শ্রীমঙ্গল একটি আদর্শ উপজেলায় পরিণত হবে।

পরিকল্পনা প্রণয়নে অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আরোহণ বিষয়ক স্থায়ী কমিটি, পরিকল্পনা বিষয়ক কারিগরী দল (টিজিপি), প্রকল্প নির্বাচন কমিটিসহ স্থানীয় জন প্রতিনিধিগণ ও পরিষদে ন্যস্ত সকল কর্মকর্তা ও উপজেলা পরিষদের ও প্রশাসনের সকল কর্মচারী যারা শ্রম দিয়েছেন তাদের ধন্যবাদ জ্ঞাপন করছি।

(মো: ইসলাম উদ্দিন)

## সূচিপত্র

| শিরোনাম | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ ভূমিকা | ৫ |
| ২. উপজেলার পরিচিতি ও মানচিত্র | ৬ |
| ৩. উপজেলার আর্থসামাজিক তথ্য ও উপাত্ত | ৭-১১ |
| ৪. উপজেলার পরিস্থিতি বিশ্লেষণ | ১২-২৩ |
| ৫. শ্রীমঙ্গল উপজেলার বাজেট ২০২৫-২৬ অর্থবছরের বাজেটের সার-সংক্ষেপ | ২৪ |
| ৬. বিভিন্ন উৎস হতে উপজেলায় পরিচালিত উন্নয়ন কার্যক্রম | ২৫-৪১ |
| ৭. রূপকল্প | ৪২ |
| ৮. বার্ষিক পরিকল্পনার খাতওয়ারী লক্ষ্য, উদ্দেশ্য ও পরিমাপযোগ্য সূচক নির্ধারণ | ৪২-৪৪ |
| ৯. উপজেলা প্রকল্প সারসংক্ষেপ | ৪৫-৫৭ |
| ১০.পরিবীক্ষণ ও মূল্যায়ন পরিকল্পনা | ৫৮ |
| ১১. উপজেলা প্রকল্প প্রস্তাবনা | ৫৯ |

### চিত্রের তালিকা

| | |
|---|---|
| চিত্র ১ঃ শ্রীমঙ্গল উপজেলার মানচিত্র | ৬ |

### ছকের তালিকা

| | |
|---|---|
| ছক ১ ঃ উপজেলার বিভিন্ন আর্থ সামাজিক তথ্য ও উপাত্ত | ৭-১১ |
| ছক ২ ঃ উপজেলার খাত ভিত্তিক পরিস্থিতি বিশ্লেষন | ১২-২৩ |
| ছক ৩ ঃ শ্রীমঙ্গল উপজেলার বাজেট ২০২৫-২৬ অর্থবছরের বাজেটের সার-সংক্ষেপ | ২৪ |
| ছক ৪ ঃ উপজেলায় বিভিন্ন উৎস হতে পরিচালিত উন্নয়ন কার্যক্রম | ২৫-৪১ |
| ছক ৫ ঃ বার্ষিক পরিকল্পনার খাতওয়ারী লক্ষ্য, উদ্দেশ্য ও পরিমাপযোগ্য সূচক নির্ধারণ | ৪২-৪৪ |
| ছক ৬ ঃ উপজেলা প্রকল্প সারসংক্ষেপ | ৪৫-৫৭ |
| ছক ৭ ঃ বার্ষিক উন্নয়ন পরিকল্পনার সময় কাঠামো ও পর্যালোচনা চক্র | ৫৮ |

# ভূমিকা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৫৯ অনুচ্ছেদে বলা হয়েছে যে, স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ জনসেবা ও অর্থনৈতিক উন্নয়ন সম্পর্কিত পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন করবে। উপজেলা পরিষদ আইন ১৯৯৮ (উপজেলা পরিষদ আইন ২০০৯ ও সংশোধনী ২০১১) এর ধারা ৪২ এ স্পষ্ট করে বলা হয়েছে যে, উপজেলা পরিষদকে পঞ্চ-বার্ষিক পরিকল্পনা ও বার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন করতে হবে। উপজেলা পরিষদ বাজেট (প্রণয়ন ও বাস্তবায়ন) বিধিমালা, ২০১০ ধারা ১৩ তে বলা হয়েছে যে,বাজেটে উন্নয়ন প্রকল্পের বরাদ্দ বা খাতসমুহ পঞ্চ বার্ষিক ও বার্ষিক উন্নয়ন পরিকল্পনার নিরিখে করতে হবে এবং পরিকল্পনা বইয়ে অন্তর্ভুক্তনাই এমন নতুন প্রকল্পেবাজেট বরাদ্দ রাখা যাবে না। আইনগত কাঠামোতে আরো সুপারিশকরা হয়েছে যে, বার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন করতে হবে পঞ্চ-বার্ষিক উন্নয়ন পরিকল্পনার সাথে সামঞ্জস্যপূর্ণ ভাবে রেখে বার্ষিক পরিকল্পনার রূপকল্প, খাতভিত্তিক অধিকতর সুনির্দিষ্ট লক্ষ্য এবং প্রত্যাশিত ফলাফলের আলোকে বার্ষিক উন্নয়ন পরিকল্পনায় অধিকতর সুনির্দিষ্ট লক্ষ্য, উদ্দেশ্য এবং অর্জন করা সম্ভব এমন টার্গেটবার্ষিক পরিকল্পনায় বর্ণিত থাকবে। এতে কর্মসূচির ইপ্সিক ফলাফল ও বাস্তবায়ন কৌশল ও উল্লেখ থাকবে।

প্রাথমিকভাবে উপজেলা পরিষদের দায়িত্ব হচ্ছে বার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন করা। শ্রীমঙ্গল উপজেলার জন্য বার্ষিক পরিকল্পনা ২০২৫-২৬ প্রনয়নে উপজেলা পরিষদ মুখ্য ভুমিকা পালন করেছে। অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আরোহন বিষয়ক উপজেলা কমিটি, পরিকল্পনা বিষয়ক কারিগরি কমিটির সহায়তায় খসড়া বার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের দায়িত্ব পালন করেছে। প্রকল্প নির্বাচনের জন্য প্রকল্প নির্বাচন কমিটি (পিএসসি) দায়িত্ব পালন করেছে । বার্ষিক পরিকল্পনা ২০২৫-২৬ প্রনয়ন এপ্রিল'২৫ হতে শুরু হয়ে বিভিন্ন ধাপ ও প্রক্রিয়া অনুসরন করে জুলাই'২৫ এ খসড়া উপজেলা পরিষদে অনুমোদিত হয়।

শ্রীমঙ্গল উপজেলার বার্ষিক পরিকল্পনায় অন্তর্ভুক্ত আছে যেমনঃ উপজেলারপরিচিতি ও মানচিত্র, আর্থসামাজিক তথ্য ও উপাত্ত, বাজেটের সারসংক্ষেপ, পরিস্থিতি বিশ্লেষন, রূপকল্প ও বার্ষিক পরিকল্পনার লক্ষ্য, উদ্দেশ্য, অভীষ্ট । এছাড়াও অন্তর্ভুক্ত আছেপ্রকল্প সারসংক্ষেপ ও পরিবীক্ষন ও মূল্যায়ন পরিকল্পনা। উপজেলার মানচিত্র, আর্থসামাজিক তথ্য ও উপাত্ত একনজরে উপজেলা সম্পর্কে ধারনা প্রদান করে এবং বিভিন্ন আর্ -সামাজিক সূচকে উপজেলার পরিস্থিতি ব্যাখ্যা করে। পরিস্থিতি বিশ্লেষণের উপর ভিত্তি করে উপজেলাসমূহ তাদেররূপকল্প, ২০২৫-২৬ অর্থবছরে অগ্রাধিকারপ্রাপ্ত খাতের লক্ষ্য এবং পরিমাপযোগ্য সূচকসহ প্রত্যাশিত ফলাফল নির্ধারণ করেছে। বার্ষিক পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে উপজেলা পরিষদ, এনবিডি এবং ইউনিয়ন সমূহের সমন্বয়ের অংশ হিসেবে বিভিন্ন উৎস থেকে প্রয়োজনীয় অর্থনৈতিক তথ্য-উপাত্ত সংগ্রহ করার মাধ্যমে উন্নয়ন বরাদ্দকে চিহ্নিত করা হয়েছে। উপজেলাতে উন্নয়ন কার্যক্রমের জন্য প্রাপ্ত সকল সম্পদ বিবেচনা করার মাধ্যমে প্রত্যেক উপজেলা পরিষদ উপজেলায় বাস্তবায়িত সকল উন্নয়নমূলক প্রচেষ্টাসমূহের মধ্যে সমন্বয় এবং পরিপূরকতাবজায় রাখার পাশাপাশি উন্নয়ন কার্যক্রমগুলোর মধ্যে কোন দ্বৈত্বতা থাকলে তা পরিহার করতে পারবে। এভাবে উপজেলা পরিষদ বার্ষিক পরিকল্পনাতে উন্নয়ন তহবিলের সর্বোত্তম ব্যবহারের চেষ্টা করতে পারে যা পরবর্তীতে উন্নয়নের ক্ষেত্রে সর্বাধিক ফলাফল এবং প্রভাব নিশ্চিত করতে সক্ষম হবে। বার্ষিক পরিকল্পনার লক্ষ্য সুনির্দিষ্টকরা হয়েছে পঞ্চবার্ষিক পরিকল্পনা ২০২৫-২৬ এর রূপকল্প, খাতওয়ারী লক্ষ্যকে সামনে রেখে। বার্ষিক পরিকল্পনার লক্ষ্য নির্ধারণের ক্ষেত্রে শ্রীমঙ্গল উপজেলা পরিস্থিতি বিশ্লেষণের ভিত্তিতে চারটি (০৪) খাতের উপর গুরুত্বারোপ করেছে। বার্ষিক পরিকল্পনার প্রতিটি লক্ষ্যের জন্য প্রত্যাশিত ফলাফল নির্ধারণ করা হয়েছে। উন্নয়ন উদ্যোগ গ্রহণের ফলে সৃষ্ট পরিবর্তনই ফলাফল।একটি ফলাফল সাধারনত ফলাফল বিবরনী দ্বারা পরিমাপযোগ্য সূচকের সাহায্যে প্রকাশ করা হয়। রূপকল্প, পঞ্চ বার্ষিক পরিকল্পনার লক্ষ্য, ফলাফল এবং পরিমাপযোগ্য সূচক নির্ধারণের মাধ্যমে উপজেলা পরিষদ তার ২০২৫-২৬ অর্থবছরের অগ্রাধিকারসমূহ ঠিক করেছে এবং প্রকল্প সারসংক্ষেপ তৈরী করেছে।। প্রকল্প সার সংক্ষেপ প্রকল্পের অবস্থান, বিবরণ, প্রত্যাশিত উপকারভোগী, ও ব্যয় সম্পর্কে ধারনা দেয় যার ফলে প্রকল্পের প্রয়োজনীয়তা, বাস্তবায়নের সম্ভাবনা, ও বাস্তবায়নের সময়সীমা নির্ধারণ করে দেয়া হয়েছে। পরিশেষে বার্ষিক পরিকল্পনার পরিবীক্ষন ও পর্যালোচনা, বার্ষিক পরিকল্পনা বাস্তবায়নের অগ্রগতি সম্পর্কে উপজেলার করণীয় নির্ধারণ করা হয়েছে।

চিত্র ১ঃ শ্রীমঙ্গল উপজেলার মানচিত্র



## ২.শ্রীমঙ্গল উপজেলার আর্থ_সামাজিক তথ্য ও উপাত্ত

বার্ষিক পরিকল্পনা প্রণয়নের ক্ষেত্রে জনসংখ্যা বিষয়ক এবং আর্থ-সামাজিক তথ্য ও উপাত্ত একটি গুরুত্বপূর্ণ বিষয়। প্রতি বছর বার্ষিক পরিকল্পনা প্রণয়নের ক্ষেত্রে উপজেলা পরিষদকে যাচাই করে দেখতে হবে যে বার্ষিক পরিকল্পনা প্রণয়নের পরে তথ্য-উপাত্তের কোন পরিবর্তন হয়েছে কি না এবং হলে তা হাল নাগাদ করতে হবে। বার্ষিক পরিকল্পনা প্রনয়নে তথ্য ও উপাত্তের গুরুত্বপূর্ণ উৎস হলো উপজেলা পরিষদ, উপজেলার বিভিন্ন বিভাগ ও ইউনিয়ন, আদমশুমারি ২০১১, জেলা পরিসংখ্যান ২০১১,হেলথ বুলেটিন শ্রীমঙ্গল, ২০১৯। এসডিজির বিভিন্ন সূচকে বাহুবলের অবস্থান সম্পর্কিত তথ্য বার্ষিক পরিকল্পনা এ সন্নিবেশিত করা হয়েছে। নিম্নের সারনীতে উপজেলার বিভিন্ন আ__র্-সামাজিক তথ্য ও উপাত্ত প্রদান করা হয়েছে।

শ্রীমঙ্গল উপজেলা আর্থসামাজিক তথ্য বিশ্লেষণে দেখা গেছে যে মাধ্যমিক শিক্ষা খাতে উপজেলা অনেক পিছিয়ে রয়েছে। উপজেলায় মাধ্যমিক শিক্ষা খাতে উপস্থিতির হার মাত্র ৭৭ শতাংশ যেখানে প্রাথমিক বিদ্যালয়ে এই হার ৮৮ শতাংশ। স্বাস্থ্য খাতে দেখা শিশু মৃত্যু ও মাতৃমৃত্যুর হার এখনো অনেক বেশি। একইভাবে প্রাতিষ্ঠানিক ডেলিভারীর সংখ্যা অর্ধেকেরও কম। জনস্বাস্থ্য খাতে উপজেলা অনেক এগিয়ে রয়েছে যদিও এখনো শতভাগ স্বাস্থ্যসম্মত স্যানিটেশন ও নিরাপদ খাবার পানির ব্যবহার নিশ্চিত হয়নি। উপজেলার সড়কের তথ্য পর্যালোচনা করে দেখা যাচ্ছে যে, উপজেলার ২৫.৯৮ কিলোমিটারের মত সড়ক এখনো কাঁচা রয়েছে।

### ছক ১: শ্রীমঙ্গল উপজেলার বিভিন্ন আ_র্-সামাজিক তথ্য ও উপাত্ত

| তথ্যের শ্রেণী | বিবরণ | একক | সংখ্যা | তথ্যসূত্র |
|---|---|---|---|---|
| প্রশাসনিক তথ্য | আয়তন | বর্গ কি মি | ৪২৫.১৫ | উপজেলা পরিষদ, ২০১৯ |
| | ইউনিয়ন | সংখ্যা | ০৯ | উপজেলা পরিষদ, ২০১৯ |
| | গ্রাম | সংখ্যা | -২০৫ | উপজেলা পরিষদ, ২০১৯ |
| | মৌজা | সংখ্যা | ১১০ | উপজেলা পরিষদ, ২০১৯ |
| | ওয়ার্ড | সংখ্যা | ৮১ | উপজেলা পরিষদ, ২০১৯ |
| | জেলা সদর হতে দূরত্ব | কিমি | ২০ | গুগল ম্যাপ, ২০১৯ |
| | উপজেলা ঘোষণার সাল | সাল | ১৯৮২ | উপজেলা পরিষদ, ২০১৯ |
| জনসংখ্যাতাত্ত্বিক তথ্য | জনসংখ্যা | জন | ১৯৭৯৯৭ | জেলা আদমশুমারি ২০১১ |
| | পুরুষ | জন | ৯৮১০১ | জেলা আদমশুমারি ২০১১ |
| | নারী | জন | ৯৯৮৯৬ | জেলা আদমশুমারি ২০১১ |
| | খানা/ পরিবার | সংখ্যা | ৫৮১৩৮ | জেলা আদমশুমারি ২০১১ |
| | জনসংখ্যার ঘনত্ব (প্রতি বর্গ কি.মি) | জন | ৯৭০ | জেলা আদমশুমারি ২০১১ |
| | মুসলিম | জন | ১৯৯০০৭ | জেলা আদমশুমারি ২০১১ |
| | হিন্দু | জন | ৪৬৩০৮ | জেলা আদমশুমারি ২০১১ |
| | বৌদ্ধ | জন | ১ | জেলা আদমশুমারি ২০১১ |
| | খ্রিস্টান | জন | ১৯১ | জেলা আদমশুমারি ২০১১ |
| | অন্যান্য | জন | ৮৮ | জেলা আদমশুমারি ২০১১ |
| গুরুত্বপূর্ণ অবকাঠামো | সরকারি প্রাথমিক বিদ্যালয় | সংখ্যা | ১০১ | উপজেলা শিক্ষা অফিস, ২০১৯ |
| | সরকারি মাধ্যমিক বিদ্যালয় | সংখ্যা | - | উপজেলা মা শিক্ষা অফিস, ২০১৯ |
| | মাধ্যমিক বিদ্যালয় | সংখ্যা | ১২ | উপজেলা মা শিক্ষা অফিস, ২০১৯ |
| | নিম্ন মাধ্যমিক বিদ্যালয় | সংখ্যা | - | উপজেলা মা শিক্ষা অফিস, ২০১৯ |
| | স্কুল এন্ড কলেজ | সংখ্যা | - | উপজেলা মা শিক্ষা অফিস, ২০১৯ |
| | কলেজ | সংখ্যা | ০২ | উপজেলা মা শিক্ষা অফিস, ২০১৯ |
| | দাখিল মাদ্রাসা | সংখ্যা | ০৭- | উপজেলা মা শিক্ষা অফিস, ২০১৯ |
| | আলীম মাদ্রাসা | সংখ্যা | -০১ | উপজেলা মা শিক্ষা অফিস, ২০১৯ |
| | ফাযিল মাদ্রাসা | সংখ্যা | - | উপজেলা মা শিক্ষা অফিস, ২০১৯ |
| | কামিল মাদ্রাসা | সংখ্যা | ০ | উপজেলা মা শিক্ষা অফিস, ২০১৯ |
| | স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসা | সংখ্যা | - | উপজেলা শিক্ষা অফিস, ২০১৯ |
| | এমপিওভুক্ত এবতেদায়ী মাদ্রাসা | সংখ্যা | ০১ | উপজেলা শিক্ষা অফিস, ২০১৯ |
| | কমিউনিটি ক্লিনিক | সংখ্যা | - | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ২০১৯ |
| | ইউনিয়ন হেলথ সেন্টার | সংখ্যা | - | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ২০১৯ |
| | ইউনিয়ন উপ স্বাস্থ্য কেন্দ্র | সংখ্যা | ২ | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ২০১৯ |
| | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, | সংখ্যা | ১ | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ২০১৯ |
| | হাট-বাজার | সংখ্যা | ০৪ | উপজেলা পরিষদ, ২০১৯ |
| | ব্যাংকের শাখা | সংখ্যা | ৫ | উপজেলা পরিষদ, ২০১৯ |
| | ডাকঘর | সংখ্যা | ৩ | উপজেলা পরিষদ, ২০১৯ |
| | মসজিদ | সংখ্যা | ৪৫ | উপজেলা পরিষদ, ২০১৯ |

| | | | | |
|---|---|---|---|---|
| | মন্দির | সংখ্যা | ২৩ | উপজেলা পরিষদ, ২০১৯ |
| | আশ্রয়ণ/আবাসন | সংখ্যা | ৩ | উপজেলা ভূমি অফিস, ২০১৯ |
| | গুচ্ছগ্রাম | সংখ্যা | ৪ | উপজেলা ভূমি অফিস, ২০১৯ |
| | মোট সড়ক | সংখ্যা | ১৭৭ | এলজিইডি, ২০১৯ |
| | মোট সড়কের দৈর্ঘ্য | কিমি | ৬৮৯.৮৪ | এলজিইডি, ২০১৯ |
| | কাঁচা সড়ক | কিমি | ৫৬৬.৮০ | এলজিইডি, ২০১৯ |
| | পাকা সড়ক | কিমি | ১১২ | এলজিইডি, ২০১৯ |
| | এইচবিবি সড়ক | কিমি | ১০.১৭ | এলজিইডি, ২০১৯ |
| | রেল লাইন | কিমি | ২০ | উপজেলা পরিষদ, ২০১৯ |
| | রেলষ্টেশন | সংখ্যা | ৩ | উপজেলা পরিষদ, ২০১৯ |
| প্রাকৃতিক সম্পদ | নদী | সংখ্যা | ১ | উপজেলা ভূমি অফিস, ২০১৯ |
| | জলমহাল | সংখ্যা | ২ | উপজেলা ভূমি অফিস, ২০১৯ |
| | বনভূমি | একর | ০ | উপজেলা বন বিভাগ, ২০১৯ |
| শিক্ষা সম্পর্কিত তথ্য | স্বাক্ষরতার হার | শতকরা | ৭২ | জেলা আদমশুমারি ২০১১ |
| | প্রাথমিক বিদ্যালয়ে ভর্তির হার | শতকরা | ১০০ | উপজেলা প্রা শিক্ষা অফিস, ২০১৯ |
| | প্রাথমিক বিদ্যালয়ে ঝরে পড়ার হার | শতকরা | ১০.৫ | উপজেলা প্রা শিক্ষা অফিস, ২০১৯ |
| | প্রাথমিক বিদ্যালয়ে উপস্থিতির হার | শতকরা | ৮৮ | উপজেলা প্রা শিক্ষা অফিস, ২০১৯ |
| | প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষকদের সংখ্যা | জন | ১৩০ (পদ সংখ্যা- ) | উপজেলা প্রা শিক্ষা অফিস, ২০১৯ |
| | প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষার্থীদের সংখ্যা | জন | ৩৬৫৪২ | উপজেলা প্রা শিক্ষা অফিস, ২০১৯ |
| | ডিপিএড/সিএনএড প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকের সংখ্যা | জন | ৫৯৭ | উপজেলা প্রা শিক্ষা অফিস, ২০১৯ |
| | প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক-শিক্ষার্থীর অনুপাত | | ১ঃ ৪০ | উপজেলা প্রা শিক্ষা অফিস, ২০১৯ |
| | বিদ্যুৎ সংযোগ নাই এমন প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা | সংখ্যা | ২৪ টি | উপজেলা প্রা শিক্ষা অফিস, ২০১৯ |
| | ওয়াশ ব্লক আছে এমন প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা | সংখ্যা | ৩৮ | উপজেলা জনস্বাস্থ্য া অফিস, ২০১৯ |
| | পি এস সি পরীক্ষার পাশের হার (শিক্ষাবর্ষ ২০১৮) | শতকরা | ৯৭ | উপজেলা প্রা শিক্ষা অফিস, ২০১৯ |
| | মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষকদের সংখ্যা | জন | ১০৫২ | উপজেলা মা শিক্ষা অফিস, ২০১৯ |
| | মাধ্যমিক বিদ্যালয়ে ছাত্র-ছাত্রীর সংখ্যা | জন | ২১৪৫৪ | উপজেলা মা শিক্ষা অফিস, ২০১৯ |
| | মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষক-শিক্ষার্থীর অনুপাত | | ১ ঃ ২০ | উপজেলা মা শিক্ষা অফিস, ২০১৯ |
| | জেএসসি পরীক্ষায় পাশের হার (শিক্ষাবর্ষ ২০১৮) | শতকরা | ৭৪.৯৮ | উপজেলা মা শিক্ষা অফিস, ২০১৯ |
| | এসএসসি পরীক্ষায় পাশের হার (শিক্ষাবর্ষ ২০১৯) | শতকরা | ৮৮.১৭ | উপজেলা মা শিক্ষা অফিস, ২০১৯ |
| | এইচএসসি পরীক্ষায় পাশের হার (শিক্ষাবর্ষ ২০১৯) | শতকরা | ৬৭.৮৬ | উপজেলা মা শিক্ষা অফিস, ২০১৯ |
| | **বিদ্যালয়ে উপস্থিতির হার (উপজেলার ৬-১৮ বছর বয়সী ছেলে মেয়ের মধ্যে)** | | | |
| | প্রাথমিক পর্যায়ে (৬-১০ বছর বয়সী) | শতকরা | ৮০.১ | এসডিজি, বিশ্বব্যাংক, ২০১৬ |
| | নিম্ন মাধ্যমিক পর্যায়ে (১১-১৩ বছর বয়সী) | শতকরা | ৮৫ | এসডিজি, বিশ্বব্যাংক, ২০১৬ |
| | মাধ্যমিক পর্যায়ে (১৪-১৫ বছর বয়সী) | শতকরা | ৬৬.৫ | এসডিজি, বিশ্বব্যাংক, ২০১৬ |
| | উচ্চ মাধ্যমিক পর্যায়ে (১৬-১৮ বছর বয়সী) | শতকরা | ৪২.২ | এসডিজি, বিশ্বব্যাংক, ২০১৬ |
| | সামগ্রিকভাবে উপস্থিতি (৬-১৮ বছর বয়সী) | শতকরা | ৭৫.৩ | এসডিজি, বিশ্বব্যাংক, ২০১৬ |
| স্বাস্থ্য বিষয়ক তথ্য | কম ওজনের শিশুর হার | শতকরা | ৩৬.৪ | এসডিজি, বিশ্বব্যাংক, ২০১৬ |
| | কম ওজনের শিশুর সংখ্যা | জন | ৮,৯৬২ | এসডিজি, বিশ্বব্যাংক, ২০১৬ |
| | অতি কম ওজনের শিশুর হার | শতকরা | ৮.৬ | এসডিজি, বিশ্বব্যাংক, ২০১৬ |
| | অতি কম ওজনের শিশুর সংখ্যা | জন | ২,১২৩ | এসডিজি, বিশ্বব্যাংক, ২০১৬ |
| | দুর্বল শিশুর হার | শতকরা | ৩৯.৬ | এসডিজি, বিশ্বব্যাংক, ২০১৬ |
| | দুর্বল শিশুর সংখ্যা | জন | ৯,৭৩৭ | এসডিজি, বিশ্বব্যাংক, ২০১৬ |
| | অতি দুর্বল শিশুর হার | শতকরা | ১৮.৩ | এসডিজি, বিশ্বব্যাংক, ২০১৬ |
| | অতি দুর্বল শিশুর সংখ্যা | জন | ৪,৪৯৬ | এসডিজি, বিশ্বব্যাংক, ২০১৬ |
| | ০- ৫ বছর এর কম বয়সী শিশু মৃত্যুর হার | জন | ৩১ (প্রতি হাজার জীবিত জন্মে) | উপজেলা স্বাস্থ্য ও প প কার্যালয়, ২০১৯ |
| | নবজাতকের মৃত্যুর হার -(০২৮ দিন) | জন | ১৭ (প্রতি হাজার জীবিত জন্মে) | উপজেলা স্বাস্থ্য ও প প কার্যালয়, ২০১৯ |

| | | | | |
|---|---|---|---|---|
| | মাতৃমৃত্যুর হার | জন | ১৩৬.১৬ (প্রতি লাখ জীবিত জন্মে) | উপজেলা স্বাস্থ্য ও প প কার্যালয়, ২০১৯ |
| | উপজেলায় মোট ডেলিভারীর সংখ্যা (মে/১৮ হতে জুন/১৯) | সংখ্যা | ৪,১২৫ | উপজেলা প প কার্যালয়, ২০১৯ |
| | অপ্রাতিষ্ঠানিক (বাড়ীতে) ডেলিভারীর সংখ্যা | সংখ্যা | ২,২১৪ | উপজেলা প প কার্যালয়, ২০১৯ |
| | প্রাতিষ্ঠানিক(হাসপাতাল/ক্লিনিকে) ডেলিভারীর সংখ্যা | সংখ্যা | ১,৯১১ | উপজেলা প প কার্যালয়, ২০১৯ |
| | ইউনিয়ন ও উপস্বাস্থ্যকেন্দ্রসমূহে প্রাতিষ্ঠানিক ডেলিভারীর সংখ্যা | জন | ৩৫৬ | উপজেলা প প কার্যালয়, ২০১৯ |
| | স্বাস্থ্য কমপ্লেক্স আগত রোগীর সংখ্যা | জন | ১৬,১১২ | উপজেলা স্বাস্থ্য ও প প কার্যালয়, ২০১৯ |
| | উপস্বাস্থ্যকেন্দ্রসমূহে আগত রোগীর সংখ্যা | জন | ১৪,০৬৯ | উপজেলা স্বাস্থ্য ও প প কার্যালয়, ২০১৯ |
| | কমিউনিটি ক্লিনিকে আগত রোগীর সংখ্যা | জন | ২,০৩,৪১৭ | উপজেলা স্বাস্থ্য ও প প কার্যালয়, ২০১৯ |
| | টিকা গ্রহণকারী শিশুর সংখ্যা | জন | ৬,৪৭২ | উপজেলা স্বাস্থ্য ও প প কার্যালয়, ২০১৯ |
| | পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণের হার | শতকরা | ৭৮.৭৫ | উপজেলা প প কার্যালয়, ২০১৯ |
| জনস্বাস্থ্য বিষয়ক তথ্য | ফ্লাশ টয়লেট ব্যবহার করে এরকম পরিবারের সংখ্যা | জন | ২৪,৯৪০ | এসডিজি, বিশ্বব্যাংক, ২০১৬ |
| | ফ্লাশ টয়লেট ব্যবহার করে এরকম পরিবারের হার | শতকরা | ৪২.৮ | এসডিজি, বিশ্বব্যাংক, ২০১৬ |
| | ফ্লাশ নয়, ল্যাট্রিন ব্যবহার করে এরকম পরিবার | জন | ১৭,৮০০ | এসডিজি, বিশ্বব্যাংক, ২০১৬ |
| | ফ্লাশ নয়, ল্যাট্রিন ব্যবহার করে এরকম পরিবারের হার | শতকরা | ৩০.৬ | এসডিজি, বিশ্বব্যাংক, ২০১৬ |
| | উন্মুক্তস্থানে মলত্যাগ করে এরকম পরিবারের সংখ্যা | জন | ৪৯০০ | এসডিজি, বিশ্বব্যাংক, ২০১৬ |
| | উন্মুক্তস্থানে মলত্যাগ করে এরকম পরিবারেরহার | শতকরা | ৮.৪ | এসডিজি, বিশ্বব্যাংক, ২০১৬ |
| | কলের পানি সরবরাহের আওতাধীন পরিবার | জন | ১৮০ | এসডিজি, বিশ্বব্যাংক, ২০১৬ |
| | কলের পানি সরবরাহের আওতাধীন পরিবারের হার | শতকরা | ০.৩ | এসডিজি, বিশ্বব্যাংক, ২০১৬ |
| | নলকুপের পানি সরবরাহের আওতাধীন পরিবার | জন | ৫৭,১৪০ | এসডিজি, বিশ্বব্যাংক, ২০১৬ |
| | নলকুপের পানি সরবরাহের আওতাধীন পরিবারেরহার | শতকরা | ৯৮.২ | এসডিজি, বিশ্বব্যাংক, ২০১৬ |
| বিদ্যুৎ ব্যবহার বিষয়ক তথ্য | বিদ্যুৎ ব্যবহারকারী পরিবার | সংখ্যা | ৩৫,৫৪৬ | নেসকো, ২০১৯ |
| কর্মসংস্থান বিষয়ক তথ্য | কর্মক্ষম জনসংখ্যা | জন | ১,৪৩,১৮০ | এসডিজি, বিশ্বব্যাংক, ২০১৬ |
| | কৃষিখাতে যুক্ত | জন | ৫৪,৯৬০ | এসডিজি, বিশ্বব্যাংক, ২০১৬ |
| | শিল্পখাতে যুক্ত | জন | ৩,৬৮০ | এসডিজি, বিশ্বব্যাংক, ২০১৬ |
| | সেবাখাতে যুক্ত | জন | ১১,২০০ | এসডিজি, বিশ্বব্যাংক, ২০১৬ |
| | মাথাপিছু দারিদ্রের হার | শতকরা | ৩৫.২ | এসডিজি, বিশ্বব্যাংক, ২০১৬ |
| | মাথাপিছু দরিদ্রের সংখ্যা | জন | ৮৪৭৪৭ | এসডিজি, বিশ্বব্যাংক, ২০১৬ |
| | মাথাপিছু অতিদারিদ্রের হার | সংখ্যা | ১৬.৬ | এসডিজি, বিশ্বব্যাংক, ২০১৬ |
| | মাথাপিছু অতিদরিদ্রের সংখ্যা | জন | ৩৯,৯৮২ | এসডিজি, বিশ্বব্যাংক, ২০১৬ |
| | নিবন্ধিত সমবায় সমিতি | সংখ্যা | ১৪৬ | উপজেলা সমবায় কার্যালয়, ২০১৯ |
| | কার্যকর সমবায় সমিতি | সংখ্যা | ৫২ | উপজেলা সমবায় কার্যালয়, ২০১৯ |
| | **২০১৮-১৯ অর্থ বছরে সরকারি দপ্তর হতে বিভিন্ন বিষয়ের উপর কর্মদক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণে অংশগ্রহণকারীর সংখ্যা** | | | |
| | উপজেলা সমাজসেবা কার্যালয় (২০১৮-১৯) | জন | ১৭০ | উপজেলা সমাজসেবা কার্যালয়, ২০১৯ |
| | উপজেলা সমবায় কার্যালয় (২০১৮-১৯) | জন | ২১০ | উপজেলা সমবায় কার্যালয়, ২০১৯ |
| | উপজেলা যুব উন্নয়ন কার্যালয়(২০১৮-১৯) | জন | ৩৮০ | উপজেলা যুব উন্নয়ন কার্যালয়, ২০১৯ |
| | উপজেলা পল্লী উন্নয়ন কার্যালয় (২০১৮-১৯) | জন | ৬৪৫ | উপজেলা পল্লী উন্নয়ন কার্যালয়, ২০১৯ |
| | উপজেলা মহিলা বিষয়ক কার্যালয় (২০১৮-১৯) | জন | ২৮০ | উপজেলা মহিলা বিষয়ক কার্যালয়, ২০১৯ |
| | পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন | জন | ৭৫০ | উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন, ২০১৯ |
| | **২০১৮-১৯ অর্থ বছরে সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় কর্মসূচীতে অন্তর্ভুক্ত জনগণ** | | | |
| | ইজিপিপি | জন | ১৯০২ | উপজেলা প্র বা ক কার্যালয়,২০১৯ |
| | ভিজিডি | জন | ২১৩৬ | উপজেলা ম বি ক কার্যালয়, ২০১৯ |
| | মাতৃত্বকালীন ভাতা | জন | ১৩৬০ | উপজেলা ম বি ক কার্যালয়, ২০১৯ |

| | | | | |
|---|---|---|---|---|
| | বয়স্ক ভাতা | জন | ১২২৫০ | উপজেলা সমাজসেবা কার্যালয়, ২০১৯ |
| | বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা | জন | ৭৩৫০ | উপজেলা সমাজসেবা কার্যালয়, ২০১৯ |
| | অসচ্ছল প্রতিবন্ধী ভাতা | জন | ৪৭২৬ | উপজেলা সমাজসেবা কার্যালয়, ২০১৯ |
| | অসচ্ছল প্রতিবন্ধী শিক্ষার্থীদের শিক্ষা উপবৃত্তি | জন | ১৮০ | উপজেলা সমাজসেবা কার্যালয়, ২০১৯ |
| | দলিত ও অনগ্রসর জনগোষ্ঠীর বিশেষ ভাতা | জন | ৪১ | উপজেলা সমাজসেবা কার্যালয়, ২০১৯ |
| | দলিত ও অনগ্রসর জনগোষ্ঠীর শিক্ষার্থীদের শিক্ষা উপবৃত্তি | জন | ৫১ | উপজেলা সমাজসেবা কার্যালয়, ২০১৯ |

**উপজেলায় কর্মসংস্থান সৃষ্টিতে বিভিন্ন সরকারি দপ্তর হতে প্রদানকৃতক্ষুদ্রঋণেরত বিবরণ**

**২০১৮-১৯ অর্থ বছরে সরকারি দপ্তর হতে প্রদানকৃত ক্ষুদ্রঋণের পরিমান**

| দপ্তর | জন | টাকা | |
|---|---|---|---|
| উপজেলা সমবায় কার্যালয় | | | উপজেলা সমবায় কার্যালয়, ২০১৯ |
| উপজেলা যুব উন্নয়ন কার্যালয় | | | উপজেলা যুব উন্নয়ন কার্যালয়, ২০১৯ |
| উপজেলা মহিলা বিষয়ক কার্যালয় | ১৮ | ২,০৫,০০০ | উপজেলা মহিলা বিষয়ক কার্যালয়, ২০১৯ |
| উপজেলা পল্লী উন্নয়ন কার্যালয় | | | উপজেলা পল্লী উন্নয়ন কার্যালয়, ২০১৯ |
| উপজেলা সমাজসেবা কার্যালয় | ৮৩ | ১৯,৫০,০০০ | উপজেলা সমাজসেবা কার্যালয়, ২০১৯ |
| পল্লী সঞ্চয় ব্যাংক | | | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক, ২০১৯ |
| পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন | | | উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন, ২০১৯ |

**অদ্যবধি সরকারি দপ্তর হতে প্রদানকৃত ক্ষুদ্রঋণের বিপরীতে খেলাপি ঋণের বিবরণ**

| দপ্তর | ক্রমপুঞ্জিতঋণ বিতরণ (টাকা) | ঋণ আদায় (টাকা) | খেলাপি ঋণ (টাকা) | ঋণ খেলাপির সংখ্যা (জন) |
|---|---|---|---|---|
| উপজেলা সমবায় কার্যালয় | | | | |
| উপজেলা যুব উন্নয়ন কার্যালয় | | | | |
| উপজেলা মহিলা বিষয়ক কার্যালয় | ১৪,৫৬,০০০ | ৫,১৮,২১৮ | ৯,৩৭,৭৮২ | ১৪০ |
| উপজেলা পল্লী উন্নয়ন কার্যালয় | | | | |
| পল্লী সঞ্চয় ব্যাংক | | | | |
| পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন | | | | |

## কৃষি উৎপাদন বিষয়ক তথ্য

নীট আবাদী জমির পরিমান (হেক্টর)ঃ ২৪১৩.৪২ হেক্টর

কৃষক পরিবারের সংখ্যা ঃ২৫০০৭ টি

| ফসল/ অর্থবছর | ২০২১-২২ | | ২০২২-২৩ | | ২০২৩-২৪ | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | জমি (হে.) | উৎপাদন (মে.টন) | জমি (হে.) | উৎপাদন (মে.টন) | জমি (হে.) | উৎপাদন (মে.টন) | জমি (হে.) | উৎপাদন (মে.টন) | জমি (হে.) | উৎপাদন (মে.টন) |
| বোরো | ১২৪৯০ | ৫১৪৬০ | ১২৬০২ | ৫২২১৮ | ১২৮৪৫ | ৫৩৬৮৩ | ১৩১৬০ | ৫৬৭৮১ | ১২৮৯০ | ৫৬৪৭৫ |
| আউশ | ৪১৫ | ১১৫৮ | ৪১৬ | ১১৮৮ | ৪৪০ | ১৪০৫ | ৪৪৫ | ১৪১৮ | ৮৭০ | -- |
| আমন | ১৪৯৯৩ | ৪৪৭৪৩ | ১৫৪৯৫ | ৪৮০২০ | ১৭০৬৫ | ৪৯৫২২ | ১৬৬৭৫ | ৪৭৫২৪ | ১৭০২৫ | ৫১৬০৭ |
| ভুট্টা (র+খ) | ১৯৯৫ | ১৮১৫৫ | ২২০৫ | ১৮৫৪১ | ৩১৬৭ | ৩৩২৩৪ | ৩৮৬৭ | ৩৫৮৮৮ | ৫১২০ | -- |
| গম | ১৬৭ | ৪৬৮ | ১৬৮ | ৪৯৭ | ১৭০ | ৫৫২ | ১৬৫ | ৫৭৮ | ১৭০ | |
| পাট | ৬২০ | ১১৯৫ | ৬০৪ | ১১৬৭ | ৬২৫ | ১১৮১ | ৬৩৫ | ১২৫৪ | ৩২০ | |
| তামাক | ১২৫০ | ২৬৮৭ | ১০০৫ | ২১৬০ | ১০৭০ | ২৩২৩ | ৮৭০ | ১৮৭০ | ১৫৫০ | ৩৬৫৬ |
| সরিষা | ২৭০ | ৩৫৩ | ৩২৪ | ৪৪৪ | ২৮০ | ৩৪২ | ২৯৪ | ৩২৩ | ২৯৫ | ৪৩৮ |
| চীনাবাদাম | ৫২৫ | ১১৩৪ | ৫৪৮ | ১১২৯ | ৪৩৮ | ৯১১ | ৪৫০ | ৯৩৫ | ৮২৫ | - |
| আলু | ৮০০ | ৯৯৫৯ | ৮০০ | ১৪৭১০ | ৫১৫ | ৯৪৬৯ | ৭৪৫ | ২০২৭৫ | ৭৭০ | ২২১১৬ |
| মুগডাল | ১৩ | ১৭ | ১২ | ১৫ | ০৮ | ১০ | ০৯ | ১১ | ১০ | - |
| মসুর | ৩ | ৪ | ২ | ৩ | ১৫ | ২৮ | ০২ | ০৩ | ২ | ৩ |
| পেঁয়াজ | ৫৯ | ১০০৫ | ১০৩ | ১৭৬২ | ১০৫ | ১৭৯৫ | ১৬০ | ২৯৫৫ | ২০০ | ২০৮৮ |
| রসুন | ৪৭ | ৭৩৫ | ৭০ | ১০৯৮ | ৭৫ | ১১৭৭ | ৮০ | ১২৮০ | ৯০ | ৭৬৫ |

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| আদা | ৫৬ | ৮০৬ | ৫৫ | ৭৭০ | ৫৫ | ১১৩৮ | ৫৫ | ১১৩৮ | ৭০ | ১১৬২ |
| হলুদ | ৭৮ | ৯৫৯ | ৭৭ | ৯৫১ | ৭৭ | ১৩৪২ | ৬৫ | ১১৩৩ | ৭৫ | ১৩৭০ |
| ধনিয়া | ২২ | ২৮ | ২০ | ২৬ | ২৫ | ৩৩ | ২৫ | ৩৫ | ২৫ | ২৭ |
| মরিচ | ৪৭ | ৩৬০ | ৬৫ | ৪৯৬ | ৫০ | ৩৮৭ | ৭০ | ৪২২ | ৭৫ | ৫৬০ |
| পানিকচু | ৪০ | ৮৬৪ | ৪০ | ৭২০ | ২০ | ৩৬০ | ২০ | ৩৬২ | ২০ | - |
| মুখীকচু | ৪৫ | ৫৬৭ | ৪৫ | ১০৪৪ | ৩৫ | ৮৫০ | ৩৭ | ৮৫৫ | ৫০ | - |
| শাকসবজি (রবি+খরি.) | ১০২৮ | ১৩২৮৫ | ১০৯৫ | ১৪১৫১ | ১৩৪৭ | ২২১৪৪ | ১২৫২ | ২৩৪৫০ | ১৫৮০ | ২৯৭০০ সম্ভাব্য |

**মৎস্য বিষয়ক তথ্য**

| | | |
|---|---|---|
| মাছের চাহিদাঃ ৪৬৫০ মেট্রিক টন (২০২৩-২৪) | মাছের উৎপাদন ঃ ৪৪৮৫ মেট্রিক টন (২০২৪-২৫) | মৎস্য চাষির সংখ্যাঃ ৩৫৬০ জন (২০২৫-২৬) |

## ৩. পরিস্থিতি বিশ্লেষণ

পরিস্থিতি বিশ্লেষণ হচ্ছে উপজেলার 'বাস্তব অবস্থার একটি চিত্রায়ন'। পরিস্থিতি বিশ্লেষণের ক্ষেত্রে তথ্য সংগ্রহ, বিশ্লেষন ও সন্নিবেশন এমনভাবে করতে হবে যাতে সম্ভাব্য সকল সম্পদ ব্যবহার করে কৌশলগত উদ্দেশ্য অর্জনের সিদ্ধান্ত গ্রহণে তা সহায়তা করে। । পরিস্থিতি বলতে উপজেলায় বসবাসরত মানুষের জীবন ও জীবিকাকে প্রভাবিত করে এমন অভ্যন্তরীণ ও বাহ্যিক কারণগুলোর সম্মিলিত বিশ্লেষণকে বোঝায়।তথ্য ও উপাত্ত বিশদভাবে বিশ্লেষণের ক্ষেত্রে উপজেলার মুখ্য উন্নয়ন সম্ভাব্যনা, সুযোগ, সীমাবদ্ধতা, চ্যালেঞ্জের পাশাপাশি প্রধান উন্নয়ন অগ্রাধিকারগুলির শনাক্তকরণও জরুরী। অতীতের অভিজ্ঞতাথেকে প্রাপ্ত শিক্ষাগুলোও গুরুত্বপূর্ণ (যেমন, আগের বার্ষিক পরিকল্পনা থেকে লব্দ শিক্ষা)। কোন্ লক্ষ্য অর্জিত হয়েছে এবং কোন্ লক্ষ্য অর্জন করা যায়নি এবং কেন- সেটা জানতে হবে। কোন্ উন্নয়ন উদ্যোগ কাজ করেছে এবং কোন্ উদ্যোগ কাজ করেনি? কোন্ পন্থা গতিশীল করা প্রয়োজন বা কোন পন্থা বাতিল করা প্রয়োজন? মোদ্দা কথা হলো, বর্তমান করা পরিকল্পনার জন্য অতীতের উন্নয়ন কার্যক্রম থেকে উপজেলা শিক্ষা গ্রহণ করবে।

উপজেলার খাত ভিত্তিক পরিস্থিতি বিশ্লেষণে প্রতিটি খাতের জনকেন্দ্রিক সমস্যা চিহ্নিত করে তার অবস্থান, পরিমান, কারণ, সমস্যা সমাধানে চলমান কার্যাবলীকে অন্তর্ভুক্তকরা হয়েছে এবং চলমান কার্যাবলি শেষে ১ বছর পর আর কতটুকু সমস্যা থাকবে তা চিহ্নিত করে উপজেলা পরিষদের সক্ষমতা অনুযায়ী কার্যক্রম গ্রহণে সুপারিশ করা হয়েছে। উপজেলা পরিষদ তার সক্ষমতা য়ীঅনুযাসুপারিশ থেকে কার্যক্রম গ্রহণ করেছে। অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ বিষয়ক উপজেলা কমিটি ও টিজিপি পরিস্থিতি বিশ্লেষণের উপজেলা পরিষদকে সহযোগিতা করেছে।

শ্রীমঙ্গল উপজেলার পরিস্থিতি বিশ্লেষণে আর্থসামাজিক সূচকে তাদের অবস্থানের কারণ অনুসন্ধানকরেছে। এক্ষেত্রে দেখা গেছে স্বাস্থ্য খাতে উপজেলার সরকারি হাসপাতাল ও ক্লিনিক সমূহেরঅবকাঠামো ও উপকরণের অপ্রতুলতার কারণে কারনে আগত রোগীদের মানসম্মত স্বাস্থ্যসেবা প্রদান সম্ভবপর হচ্ছে না। ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রসমূহে প্রাতিষ্ঠানিক ডেলিভারীর সুবিধাঅপ্রতুল। জনস্বাস্থ্য খাতে উপজেলার ২০০০ এর মত দরিদ্র পরিবার নিরাপদ স্যানিটেশন ও খাবার পানি ব্যবহারের আওতায় নেই। শিক্ষা খাতে বিশেষত মাধ্যমিক পর্যায়ে শিক্ষার্থীদের উপস্থিতি কম। অপ্রতুল অবকাঠামো, শিক্ষা গ্রহণেউন্নত পরিবেশ ও উপকরনের সংকট তার অন্যতম প্রধান কারণ। একই সাথে দরিদ্র ছাত্রীদের শিক্ষা উপকরণ, বাল্যবিয়ে ও বিদ্যালয়ে ছাত্রীবান্ধব স্যানিটেশনের অনুপস্থিতির কারনে বিদ্যালয়ে ছাত্রীদের উপস্থিতির হার আশানুরূপ নয়।জাতীয় সরকার স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের মাধ্যমে যোগাযোগ খাতে বড় সড়ক উন্নয়নের জন্য বরাদ্দ প্রদান করে এবং উপজেলা পরিষদের সীমিত অর্ে বৃহৎ পাকা সড়ক নির্মাণ কষ্টকরবিধায় উপজেলা পরিষদ ছোট ছোট সংযোগকারি সড়ক, গাইড ওয়াল, কার্লভার্ট ও ড্রেন নির্মাণ করার সিদ্ধান্ত নিয়েছে। এছাড়াও অন্যান্য খাতের তথ্য পর্যালোচনা করে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সুপারিশ করেছে। উপজেলা পরিষদ বার্ষিক পরিকল্পনা ২০২৫-২৬ প্রণয়নকালে পঞ্চবার্ষিক পরিকল্পনা ২০২৫-২৯ এর পরিস্থিতি বিশ্লেষণ কে অনুসরণ করেছে এবং অগ্রাধিকারপ্রাপ্ত খাতসমূহেরসবচেয়ে গুরুতর সমস্যা সমাধানে করণীয় বিয়য়ে সিদ্ধান্ত গ্রহণ করেছে এবং এই অর্থবছরে কি কি পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে তা নির্ধারণ করেছে।

### ছক ২ঃ উপজেলার খাত ভিত্তিক পরিস্থিতি বিশ্লেষন

| খাত | সমস্যাসমূহের বিবরণ | | | | সাম্প্রতিক চলমান ও পরিকল্পিত কার্যাবলি | ১ বছর পর অবশিষ্ট সমস্যা | সমস্যা সমাধানে যে সকল কার্যক্রম গ্রহণ করা যেতে পারে |
|---|---|---|---|---|---|---|---|
| | সমস্যার ধরণ | অবস্থান | পরিমান/ বিস্তৃতি | কারণ | | | |
| স্বাস্থ্য | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে আগত রোগীগণ মানসম্মত স্বাস্থ্যসেবা গ্রহণে সমস্যার সম্মুখীন হচ্ছেন। | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স | ১৭ হাজার রোগী | ১। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিরবিচ্ছিন্ন বিদ্যুত সরবরাহের ব্যবস্থা নেই। ২। স্বাস্থ্য কমপ্লেক্সে পর্যাপ্ত সংখ্যক আসবাবপত্র, চিকিৎসা সরঞ্জামাদি, সিসি ক্যামেরা, পরিচ্ছন্নতা কর্মী নাই। | কার্যক্রম নেই | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স আগত ১৭ হাজার রোগী রোগী স্বাস্থ্য সেবা হতে বঞ্চিত হবে | ১। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে একটি জেনারেটর প্রদান করা যেতে পারে। ২। স্বাস্থ্য কমপ্লেক্সে আসবাবপত্র,চিকিৎসা সরঞ্জামাদি, বেড, নেবুলাইজার মেশিন, গ্লুকোমিটার, বিপি মেশিন, ওটি রুমের যন্ত্রপাতি |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | ৩। মাঠ পর্যায় থেকে স্বাস্থ্য কমপ্লেক্স এ আসার জন্য পর্যাপ্ত এ্যাম্বুলেন্স নেই। ৪। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ড্রেনেজ ব্যবস্থা ও বর্জ্য ব্যবস্থাপনার কোন সুব্যবস্থা নেই। ৫। ডাইনিং রুম না থাকায় রোগী ও তার স্বজনেরা ওয়ার্ডেই খাবার খায় ও পরিবেশ নষ্ট করে। ৬। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সেও বাইরে কোন টয়লেট নাই ৭। হাসপাতালে আগত রোগী ও তাদের স্বজনদের সময় কাটানোর কোন ব্যবস্থা নেই। | | | প্রদানের ব্যবস্থা করা যেতে পারে। ৩। হাসপাতালের বাইরে একটি টয়লেট স্থাপন করা যেতে পারে । |
| স্বাস্থ্য | উপস্বাস্থ্যকেন্দ্র ও কমিউনিটি ক্লিনিকে আগত রোগীগণ মানসম্মত স্বাস্থ্যসেবা হতে বঞ্চিত হচ্ছে। | ২টি উপ স্বাস্থ্যকেন্দ্র ও ০০ কমিউনিটি ক্লিনিক | ২,০৩,৪১৭ জন রোগী | ১। ৩টি উপ স্বাস্থ্যকেন্দ্র ও ৩৫ টি কমিউনিটি ক্লিনিকে নিরবিচ্ছিন্ন বিদ্যুত সরবরাহের ব্যবস্থা নেই। ২। ৩টি উপ স্বাস্থ্যকেন্দ্র ও ৩৫ টি কমিউনিটি ক্লিনিকে পর্যাপ্ত সংখ্যক আসবাবপত্র, চিকিৎসা সরঞ্জামাদি, সিসি ক্যামেরা নাই। ৩। মাঠ পর্যায় থেকে উপস্বাস্থ্যকেন্দ্র ও কমিউনিটি ক্লিনিকে আসার জন্য পরিবহন নেই ৪। কমিউনিটি ক্লিনিকের বাউন্ডারী না থাকায় নিরাপত্তার অভাব রয়েছে। | কার্যক্রম নেই | ৩টি উপ স্বাস্থ্যকেন্দ্র ও ৩৫টি কমিউনিটি ক্লিনিকে আগত ৬৭ হাজার রোগী স্বাস্থ্য সেবা হতে বঞ্চিত হবে। | ১। ১টি উপ স্বাস্থ্যকেন্দ্র ও ১ টি ইউনিয়ন স্বাস্থকেন্দ্র সোলার প্যানেল শাপন্থ করা যেতে পারে। ২। ৩টি উপ স্বাস্থ্যকেন্দ্রে ৩৫ টি কমিউনিটি ক্লিনিকে আসবাবপত্র, চিকিৎসা সরঞ্জামাদি, বেড, নেবুলাইজার মেশিন, গ্লুকোমিটার, বিপি মেশিন, যন্ত্রপাতি প্রদানের ব্যবস্থা করা যেতে পারে। ৩। ১ টি কমিউনিটি ক্লিনিকের বাউন্ডারী ওয়াল নির্মাণ করা যেতে পারে |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| পরিবার পরিকল্পনা | উপজেলার গর্ভবতী মায়েরা ও নবজাতকসমূহ মৃত ঝুঁকির মধ্যে আছে। | উপজেলাধীন ৯টি ইউনিয়নের ৮১টি ওয়ার্ডে। | উপজেলার ২৭২৩ জন সক্ষম দম্পতি (রিপোর্ট এমআইএস - এপ্রিল,১৯ অনুযায়ী) এর মধ্যে মোট ২১৫৪ জন গর্ভবতী। | ১। বাড়িতে অস্বাস্থ্যকর পরিবেশে অপ্রশিক্ষিত দাই নার্স দ্বারা বাচ্চা প্রসব করা।<br>২।উপজেলার গর্ভবতী মায়েদের গর্ভকালীন স্বাস্থ্যশিক্ষা ও প্রাতিষ্ঠানিক নরমাল ডেলিভারীর সুফলের ব্যাপারে অবগত নন।<br>৩। ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণকেন্দ্র সমূহে যন্ত্রপাতি ও সরঞ্জামাদির অভাবে নরমাল ডেলিভারি চালু নেই।<br>৪। পর্যাপ্ত সংখ্যক প্রশিক্ষিত দাই নার্সের অভাব। | ১। উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তর ইউনিয়ন পর্যায়ে ৫টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কেন্দ্র ও ৮০ জন স্বাস্থ্যকর্মীর মাধ্যমে গর্ভবতীদের স্বাস্থ্যসেবা প্রদান করছে।<br>২। | আনুমানিক ১০,৭৭০ জন গর্ভবতী মা। | ১। গর্ভবতী মা ও তার পরিবারকে প্রাতিষ্ঠানিক নরমাল ডেলিভারীর সুবিধা ও গর্ভবতীর জটিলতা সম্পর্কে অবহিত করতে ইউনিয়ন পর্যায়ে আগামী বছরে ০৮ টি অবহিতকরন ক্যাম্পেইন/ উঠান বৈঠক/পরিবার সমাবেশ পরিচালনা করা যেতে পারে ।<br>২।১টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কেন্দ্রে নরমাল ডেলিভারি চালু করার জন্য মানসম্মত প্রয়োজনীয় সরঞ্জামাদি ও যন্ত্রপাতি প্রদান করা যেতে পারে |
| পরিবার পরিকল্পনা | উপজেলার দরিদ্র ও প্রত্যন্ত এলাকায় বসবাসরত পরিবারসমূহ স্বাস্থ্য ঝুঁকির মধে রয়েছেন। | উপজেলার ৯টি ইউনিয়ন | প্রত্যন্ত এলাকায় বসবাসরত ২১,১৮৭ টি পরিবার টি দরিদ্র পরিবার। | ১। উপজেলায় তৃণমূ পর্যায়ে স্বাস্থ্য শিক্ষা বিষয়ক কোন প্রোগ্রাম চালু না থাকায় স্বাস্থ্যশিক্ষার ব্যাপারে সঠিক ও যথেষ্ট পরিমানে জ্ঞান নেই।<br>২। শিক্ষার অভাব ও ধর্মীয় কুসংস্কারের কারনে জনগণের মাঝে স্বাস্থ্যসেবা বিষয়ক সঠিক জ্ঞান নেই। | উক্ত উপজেলায় বিভিন্ন ওয়ার্ডে মাসে ৫৮টি স্যাটেলাইট সম্পাদিত হয় কিন্তু প্রশিক্ষক ও অর্থাভাবে স্বাস্থ্যশিক্ষা কর্মসূচী চালু কর যায় নাই। | প্রত্যন্ত এলাকায় বসবাসরত ২১,১৮৭ টি পরিবার টি দরিদ্র পরিবার। | ১। প্রতিটি স্যাটেলাইট পরিচালনার জন্য কিছু মৌলিক যন্ত্রপাতি, সরঞ্জামাদি, ওষুধ ও নাস্তা প্রদানের ব্যবস্থা করা যেতে পারে । |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| জনস্বাস্থ্য | উপজেলার দরিদ্র পরিবারসমূহ ও শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত ছাত্রছাত্রীরা পানিবাহিত রোগের ঝুঁকির মধে আছে। | উপজেলার সকল ইউনিয়ন | অত্র উপজেলায় প্রায় ২৫১২ টি ল্যাট্রিনবিহীন পরিবার ও ২৯৫৪ টি পরিবারে নলকূপবিহীন।<br><br>১০৪ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়, ৪২ টি মাধ্যমিক বিদ্যালয় ও ১৯ টি মাদ্রাসা | ১।আর্থিক সংকটের কারনে দরিদ্র পরিবারসমূহ স্বাস্থ্যসম্মত ল্যাট্রিন স্থাপন করতে পারছে না।<br>২।দরিদ্র পরিবার সমূহ আর্থিক সংকটের কারনে নলকূপ স্থাপন করতে পারছে না।<br>৩। পানি, স্যানিটেশন ও হাইজিন বিষয়ে সচেতনতার অভাবে দরিদ্র পরিবারসমূহ ল্যাট্রিন ব্যবহার করে না।<br>৪। উপজেলার শিক্ষা প্রতিষ্ঠানসমূহে ছাত্রছাত্রীদের ব্যবহার উপযোগী স্বাস্থ্যসম্মত ওয়াশ ব্লকের অভাব রয়েছে। | ১।জাতীয় স্যানিটেশন প্রকল্পের আওতায় প্রতি বছর অনির্দিষ্ট সংখ্যক ল্যাট্রিন প্রদান করা হচ্ছে।<br>২। পল্লী অঞ্চলে পানি সরবরাহ প্রকল্প ও অগ্রাধিকারমূলক গ্রামীণ পানি সরবরাহ প্রকল্পের আওতায় প্রতিবছর অনির্দিষ্ট সংখ্যক নলকূপ প্রদান করা হয়।<br>৩। এচঝ/ঘঘএচঝ -১ প্রকল্পের আওতায় ২২টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ওয়াশ ব্লকের নির্মাণ কাজ চলমান আছে এবং ১৬ টি বিদ্যালয়ে নির্মাণের কাজ প্রক্রিয়াধীন রয়েছে এবং পর্যায়ক্রমে সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে নির্মাণের পরিকল্পনা আছে। | ৫৩১২ টি পরিবার ল্যাট্রিনবিহীন থাকবে<br><br>নলকূপবিহীন ২৯৫৪ টি পরিবার বিশুদ্ধ পানির ব্যবহার হতে বঞ্চিত হবে।<br><br>০৬২ টি মাধ্যমিক বিদ্যালয় ও ১ টি মাদ্রাসায় ছাত্রছাত্রীদের ব্যবহার উপযোগী ওয়াশ ব-ক থাকবে না। | ১। উপজেলায় ১০০০ টি ল্যাট্রিনবিহীন দরিদ্র পরিবারগুলোর মাঝে ল্যাট্রিন স্থাপন করে দেয়া/ল্যাট্রিন স্থাপন করতে সহায়তা প্রদান করা যেতে পারে<br>২। নলকূপ বিহীন ১০০ পরিবারের মাঝে নলকূপ স্থাপন করা যেতে পারে ।<br>৩।৬ টি মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসায় ওয়াশ ব্লক নির্মাণ করা যেতে পারে । |
| মাধ্যমিক শিক্ষা | উপজেলার মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষার্থীদের উপস্থিতির হার আশানুরূপ নয়। | সমগ্র উপজেলার ০৬ টি মাধ্যমিক বিদ্যালয়, ১ টি মাদ্রাসা | ২০০০০ হাজার ছাত্র-ছাত্রী | ১। মাধ্যমিক বিদ্যালয় ও কলেসমূহে শিক্ষার উপযুক্ত পরিবেশের অভাব রয়েছে।<br>২।বিদ্যালয়সমূহে জরাজীর্ণ দুর্বল অবকাঠামো, শ্রেণীকক্ষ সংকট।<br>৩।ছাত্র-ছাত্রীদের জন্য স্বাস্থ্যসম্মত পৃথক স্যানিটেশনের ব্যবস্থা নেই।<br>৪।বিদ্যালয়সমূহে প্রয়োজনীয় আসবাবপত্র, মাল্টিমিডিয়া প্রোজেক্টর, বৈজ্ঞানিক যন্ত্রপাতির অভাব। | মাধ্যমিক শিক্ষা প্রকৌশল অধিদপ্তর হতে ৬টি বিদ্যালয়ে ৪ তলা ভবন নির্মাণের কাজ চলমান আছে। | ০৬ টি মাধ্যমিক বিদ্যালয় ও ১ টি মাদ্রাসায় দুর্বল অবকাঠামো, শ্রেণীকক্ষ সংকট, স্যানিটেশন সমস্যা, আসবাবপত্র, মাল্টিমিডিয়া প্রোজেক্টর, বৈজ্ঞানিক যন্ত্রপাতির সংকট থাকবে | ১। ০৬ টি মাধ্যমিক বিদ্যালয়ে ও মাদ্রাসায় অবকাঠামো উন্নয়ন, শ্রেনীকক্ষ নির্মাণ, করা যেতে পারে ।<br>২।০৬ টি মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসাতে বেঞ্চ, ও ১ টি কলেজে আসবাবপত্র প্রদান করা যেতে পারে।<br>৩। ৬টি বিদ্যালয় ও মাদ্রাসাতে ওয়াশ ব্লক নির্মাণ করা যেতে পারে।<br>৪।৫০ জন দরিদ্র ও মেধাবী ছাত্রীর মাঝে সাইকেল প্রদান করা যেতে পারে। |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | ৫। দরিদ্র ও মেয়ে শিক্ষার্থীদের মাঝে শিক্ষা উপকরণের অভাব। ৬। মাধ্যমিক পর্যায়ের মেয়ে শিক্ষার্থীদের বাল্য বিবাহ। | | | ৫। মাধ্যমিক বিদ্যালয় পর্যায়ে বাল্যবিবাহ ও নারী নির্যাতন বিরোধী ৮ টি ক্যাম্পেইন পরিচালনা করা যেতে পারে। |
| মাধ্যমিক শিক্ষা | নিন্ম মাধ্যমিক ও মাধ্যমিক পর্যায়ে অধ্যয়নরত শিক্ষার্থীদের আধুনিক শিক্ষা পদ্ধতি (বিজ্ঞান, ইংরেজী ও গনিত) বিষয়ে ধারণা কম। | অত্র উপজেলার ৩টি বিদ্যালয়, ৭টি মাদ্রাসা, ২টি কলেজ | ২৪০ জন শিক্ষক ও ৭১ জন কর্মচারী | ১। ইংরেজী, গনিত, বিজ্ঞান, এবং আইসিটির বিষয়ে শিক্ষকগণ পর্যাপ্ত প্রশিক্ষণ পান না বিধায় তাদের দক্ষতার অভাব রয়েছে। ২। কর্মচারীরা নথি ব্যবস্থাপনার বিষয়ে কোন প্রশিক্ষণ পান না। | কার্যক্রম নেই | ৩০ জন শিক্ষক আধুনিক শিক্ষা পদ্ধতি ও ৬ জন কর্মচারীর নথি ব্যবস্থাপনা ও আইসিটির উপর ধারণা কমে যাবে। | ১। ০৬টি মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসার ইংরেজী শিক্ষকদের বিষয়ে প্রশিক্ষনের ব্যবস্থা করা যেতে পারে। |
| প্রাথমিক শিক্ষা | প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের বিদ্যালয়ে মানসম্মত, আধুনিক ও আনন্দদায়ক পরিবেশে শিক্ষা গ্রহণ ব্যহত হচ্ছে। | অত্র উপজেলার সকল সরকারি প্রাথমিক বিদ্যালয় | ৩৬৫৪২ জন শিক্ষার্থী | ১। প্রাথমিক বিদ্যালয়সমূহে জরাজীর্ণ অবস্থা ও পর্যাপ্ত পরিমানে শ্রেনীকক্ষ, আসবাবপত্র, স্বাস্থ্যসম্মত টয়লেট, খেলাধুলার সরঞ্জামাদি এবং ছাত্র-ছাত্রীদের মাঝে শিক্ষা উপকরণের অভাব। ২। পর্যাপ্ত পরিমানে আইসিটি প্রশিক্ষণ প্রাপ্ত শিক্ষক ও ডিজিটাল কনটেন্টের মাধ্যমে পাঠদান উপযোগী শ্রেণীকক্ষের সংকট। ৩। উপজেলার ২৪ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে বিদ্যুৎ সংযোগ নেই। ৪। বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটির সদস্যদের বিদ্যালয়ের ব্যবস্থাপনার বিষয়ে ধারণা পর্যাপ্ত নয়। | ১। পিইডিপি ৪ এর আওতায় ২০২৫-২৬ অর্থ বছরে ৬ টি বিদ্যালয়ে ভবন নির্মাণ কাজ চলছে এবং ১১টি বিদ্যালয়ে শ্রেনীকক্ষ সম্প্রসারন অনুমোদিত হয়েছে। ২। পিইডিপি ৪ এর আওতায় বিদ্যালয় ভবন মেরামতের জন্য ২০২৫-২৬ অর্থ বছরে বিদ্যালয় প্রতি ২ লক্ষ টাকা করে ৬০ টি বিদ্যালয় মেরামতের চাহিদা প্রেরণ করা হয়েছে। ৩। স্লিপ এর মাধ্যমে পাঠদান উন্নয়নে ১৬৬ টি বিদ্যালয়ের প্রতিটিতে ৫০-৭০ হাজার টাকা প্রদান করা হয়েছে । ৪। ২০২৫-২৬ অর্থ বছরে ১০ টি বিদ্যালয়ে খেলাধুলার সামগ্রী প্রদানের জন্য চাহিদা প্রেরণ করা হয়েছে। | ৩৬৫৪২ জন শিক্ষার্থী | ১। ১০ টি বিদ্যালয়ে খেলাধুলার সামগ্রী (দোলনা, স্লিপার, ব্যালেন্সার ইত্যাদি) প্রদান করা যেতে পারে। ২। ১০ টি বিদ্যালয়ে বেঞ্চ, প্রদান করা যেতে পারে। ৩। ২টি বিদ্যালয়ে সোলার প্যানেল স্থাপন করা যেতে পারে। ৪। ২৮টি দুর্বল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ব্যবস্থাপনা কমিটির সদস্যদের প্রশিক্ষণ প্রদান করা যেতে পারে। |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | ৪। ২০২৫-২৬ অর্থ বছরে বিদ্যুৎ নেই এমন ১৮ টি বিদ্যালয়ে সোলার প্যানেল স্থাপনের জন্য চাহিদা প্রেরণ করা হয়েছে।<br>৪। ২০২৫-২৬ অর্থ বছরে রাজস্ব খাতের মাধ্যমে ১.৫ লক্ষ টাকা করে ১৯ টি বিদ্যালয় মেরামত করা হয়।<br>৫। ২০২৫-২৬ অর্থ বছরে পিইডিপি ৪ এর আওতায় ৪০,০০০ টাকা করে ৯৯ টি বিদ্যালয় মেরামত করা হয়।<br>৬। ২০২৫-২৬ অর্থ বছরে ১০,০০০ টাকা করে ৩৮ টি বিদ্যালয়ের ৭২ টি ওয়াশ ব-কের রুটিন মেইনটেনেন্স করা হয়। | | |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| কৃষি | উপজেলার কৃষকরা কৃ উৎপাদন হতে আর্থিকভাবে কম লাভবান হচ্ছেন। | উপজেলার ৯টি ইউনিয়ন | ৪৭,০০৭ টি কৃষি পরিবার | ১। আধুনিক কৃষিপ্রযুক্তি, মাটির স্বাস্থ্য, সুষম সারের ব্যবহার বিষয়ে কৃষকদের জ্ঞান ও ধারণা কম থাকা।<br>২। আধুনিক কৃষি যন্ত্রপাতি (পাওয়ার টিলার ট্রান্সপ্লান্টার ,রিপার, ফুট পাম্প, ফিতা পাইপ ইত্যাদি) ক্রয়ে কৃষকের মূলধনের অভাব<br>৩। পাকা সেচ নালা না থাকার দরুন সেচের ৩০% পানি অপচয় হচ্ছে এবং বিদ্যুৎ ও ডিজেল খরচ বৃ পাচ্ছে | ১। আধুনিক কলাকৌশল এর মাধ্যমে কৃষক পর্যায়ে উন্নতমানের ধান, গম ও পাট বীজ উৎপাদন প্রকল্প এর মাধ্যমে প্রকল্পভুক্ত এলাকায় ১২৫টি দলে মোট ১৮৭৫ জন কৃষক আধুনিক কলাকৌশল প্রয়োগের মাধ্যমে ব্লক ( Compact ) আকারে উন্নতমানের ধান, গম ও পাট বীজ উৎপাদন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হবে।<br>২। কৃষক পর্যায়ে উন্নতমানের ডাল, তেল ও মসলা বীজ উৎপাদন প্রকল্প এর মাধ্যমে প্রকল্পভুক্ত এলাকায় ৮টি দলে মোট ৩২ জন কৃষক আধুনিক কলাকৌশল প্রয়োগের মাধ্যমে ব্লক ( Compact ) আকারে উন্নতমানের ডাল, তেল ও মসলা বীজ উৎপাদনন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হবে।<br>৩। সমন্বিত কৃষি উন্নয়নের মাধ্যমে পুষ্টি ও খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণ প্রকল্প এর মাধ্যমে প্রকল্পভুক্ত এলাকায় ৮টি কৃষক দলে মোট ৫০৫ জন কৃষকের | ৩৪, ৯৪৭ জন কৃষক পরিবার প্রশিক্ষণ পাবে না | ১। ১২০ টি কৃষক পরিবারকে জৈব সার উৎপাদনের জন্য প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করা যেতে পারে।<br><br>৩। ১০০ মিটার সেচ নালা পাকা করার ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | মাধ্যমে বহুবিধ শস্য প্রবর্তন, ৪। আধুনিক কৃষি প্রযুক্তি সম্প্রসারণ ও কৃষি যান্ত্রিকীকরণের মাধ্যমে কৃষি উৎপাদন বৃদ্ধি করা এবং পারিবারিক পুষ্টির চাহিদা নিরুপণ বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হবে। ৫। খামার যান্ত্রিকীকরণের মাধ্যমে ফসল উৎপাদন বৃদ্ধি (২য় পর্যায়) প্রকল্প বরাদ্দমাফিক অগ্রাধিকার তালিকাভূক্ত কৃষকদে ৫০% উন্নয়ন সহায়তায় আধুনিক কৃষি যন্ত্রপাি (পাওয়ার টিলার, ট্রান্সপ্যান্টার, রিপার, ফুট পাম্প, ফিতা পাইপ ইত্যাদি) বিতরণ করা হবে। ৬। সিলেট বিভাগ কৃষি গ্রামীণ উন্নয়ন প্রকল্পের আওতায় ১০০ মিটার সেচ নালা পাকা করা হবে। | | |
| প্রাণিসম্পদ | উপজেলার গবাদি পশুপাখি পালনকারি পরিবারগণ আর্থিকভাবে ক্ষতির সম্মুখীন হচ্ছেন। | উপজেলার সকল ইউনিয়ন গবাদি পশুর রোগের প্রাদুর্ভাব বেশি পরিলক্ষিত হচ্ছে। | ২ হাজার পরিবারের পরিবারের ২ লক্ষ ২০ হাজার গরু, মহিষ, ছাগল ও ভেড়া ৭০ হাজার পরিবারের ৪ লক্ষাধিক দেশি | ১।গবাদি পশুপাখিকে পর্যাপ্ত পরিমানে সঠিক সময়ে কৃমিনাশক ও টিকা প্রদান না করার কারনে প্রতি বছর প্রচুর সংখ্যক গবাদি পশুপাখি বিভিন্ন রোগজনিত কারনে বিশেষতঃ গরু ও মহিষের ক্ষুরা রোগ, ছাগন ও ভেড়ার পিপিআর রোগ ও দেশী | উপজেলা প্রানীসম্পদ দপ্তর হতে ২ লক্ষ ২০ হাজার গবাদিপশুর জন্য বার্ষিক ৭ লক্ষ ডোজ টিকার চাহিদার বিপরীতে প্রতি বছর মাত্র ৬০ হাজার ডোজ করে টিকা প্রদান করা হচ্ছে। ৪ লক্ষাধিক দেশি হাঁস, মুরগ কবুতরের রানীক্ষেত রোগের | ২ লক্ষ ২০ হাজার গবাদিপশুর জন্য ৫ বছরে ৩২ লক্ষ ডোজ টিকার প্রয়োজন হবে। ৪ লক্ষাধিক দেশি মুরগী, হাঁস কবুতরের রানীক্ষেত রোগের জন্য ৫ বছরে ১ কোটি ৫ লক্ষ ডোজ টিকার প্রয়োজন হবে। | ১। উপজেলা পরিষদ ৯০ হাজার ছাগল ও ভেড়ার পিপিআর রোগের প্রতিষেধক প্রদান করা যেতে পারে ৩। ৪ লক্ষাধিক দেশি মুরগী হাঁস ও কবুতরের টিক প্রদানের জন্য ২৫ জন টিকা কর্মীর প্রশিক্ষন ও প্রতিষেধক |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | মুরগী,কবুতর ও হাঁস । | মুরগী রানীক্ষেত রোগে মারা যাচ্ছে।<br>২। গবাদি পশুর কৃমিনাশক প্রয়োগ, ভ্যাক্সিনেশন ও পালন পদ্ধতি বিষয়ে পশুপাখি পালনকারিদের ব্যবহারিক জ্ঞানের অভাব। | জন্য বছরে ২৪ লক্ষ ডোজ চাহিদার বিপরীতে প্রতি বছর ৩ লক্ষ ডোজ প্রদান করা হচ্ছে। | | সরবরাহের ব্যবস্থা করা যেতে পারে । |
| মৎস্য | গ্রীষ্মকালে মৎস্য চাষিরা মাছ উৎপাদন করতে পারছে না | উপজেলার সকল ইউনিয়ন | ৩৫৬০ জন মৎস্য চাষী। | ১। পুকুরগুলো যথে পরিমানে গভীর না হওয়াতে গ্রীষ্মকালে উপজেলার অধিকাংশ পুকুর শুকিয়ে যা এবং পানির অভাবে মাছ চাষ ব্যাহত হয়।<br>২। ভূগর্ভস্থ পানির যথেষ্ট ব্যবহারের ফলে ভূগর্ভস্থ পানির গভীরতা কমে যাচ্ছে। | ১। "ইউনিয়ন পর্যায়ে মৎস চাষ ও প্রযুক্তি সেবা সম্প্রসারণ প্রকল্প (২য় পর্যায়)" মাধ্যমে বাৎসরিক বরাদ্দ অনুযায়ী আনুমানি ১০২ জন মৎস্য চাষিকে মাছ চাষের প্রশিক্ষণের প্রদান করা হচ্ছে।<br>২। "জলাশয় সংস্কারের মাধ্যমে মৎস্য উৎপাদন বৃদ্ধি প্রকল্প" মাধ্যে ৯টি জলাশয় (৫.৮২ হেক্টর) সংস্কার করা হচ্ছে। | ৩০৫০ জন মৎস চাষিকে প্রশিক্ষণ পাবে না | ১। মৎস্য চাষির মাঝে দল ভিত্তিক বিভিন্ন উপকরণ (এরেটর, পিলেট মেশিন, জাল, পাম্প ইত্যাদি) প্রদান করা যেতে পারে । |
| মহিলা বিষয়ক | উপজেলার হতদরিদ্র, বিধবা, প্রতিবন্ধী, তালাক প্রাপ্ত, স্বামী পরিত্যাক্তা নারীদের কর্মসংস্থানের অভাব রয়েছে। | উপজেলার সকল ইউনিয়ন। | আনুমানিক ৮৫০০ জন নারী | ১। প্রয়োজনীয় জ্ঞান, দক্ষতা ও শিক্ষার অভাব।<br>২। দারিদ্রতার কারনে নারীরা বেসরকারি প্রশিক্ষণ প্রতিষ্ঠান হতে প্রশিক্ষণ নিতে পারেন না।<br>৩। উপজেলা মহিলা বিষয়ক কার্যালয়ে অবকাঠামো ও আসবাবপত্র সমস্যার কারনে সীমিত সংখ্যক নারীদের প্রশিক্ষণ প্রদান করা সম্ভব হচ্ছেও অন্যান্য ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা যাচ্ছে না। | উপজেলা মহিলা বিষয়ক কার্যালয় কর্তৃক পরিচালিত "মহিলা প্রশিক্ষণ কেন্দ্র" ও "উপজেলা পর্যায়ে মহিলাদের আয়বর্ধক প্রশিক্ষন প্রকল্প" এর মাধ্যমে প্রতি বছর ২৪০ জন মহিলাকে দর্জি বিজ্ঞান ও ব-ক বাটিক ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। | ৭৩০০ জন নারীর কর্মসংস্থানের সুযোগ হতে বঞ্চিত হবেন। | ১।জলাবদ্ধতা দূরীকরণে উপাজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ের পাশে ড্রেন নির্মাণ করা যেতে পারে। |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | ৪। মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে জলাবদ্ধতা সৃষ্টি হয়ে থাকার কারনে স্বাভাবিক কার্যক্রম ব্যহত হচ্ছে। | | | |
| যোগাযোগ | জনগণ উপজেলার বিভিন্ন পরিষেবাগুলোতে গমনের ক্ষেত্রে সমস্যার সম্মুখীন হচ্ছেন। | উপজেলার সকল ইউনিয়ন | ৭.৫৭ কিমি (১২ টি) উপজেলা সড়ক ৮৫.৩২ কিমি (২৫ টি) ইউনিয়ন ও ৪৬৫.২৭ কিমি কিমি (১৬২ টি) গ্রামীণ সড়ক গ্রামীণ সড়ক কাঁচা<br>১২৫.৪৯ কিমি পাকা সড়ক মেরামত প্রয়োজন | ১। উপজেলার ৭.৫৭ কিমি (১২ টি) উপজেলা সড়ক ৮৫.৩২ কিমি (২৫ টি) ইউনিয়ন ও ৪৬৫.২৭ কিমি কিমি (১৬২ টি) গ্রামীণ সড়ক ও সংযোগকারী সড়ক কাঁচা হওয়াতে উপজেলার বিভিন্ন গুরুত্বপূর্ণ পরিষেবাগুলো (স্কুল, কলেজ, হাসপাতাল, ধর্মীয় প্রতিষ্ঠান, হাট-বাজার, গ্রোথ সেন্টার ইত্যাদি) যাতায়তের ক্ষেত্রে জনগণ দুর্ভোগের শিকার হচ্ছে।<br>২।উপজেলার গুরুত্বপূর্ণ ইউনিয়ন ও গ্রামীণ সড়কসমূহের পার্শ্বে পানি নিষ্কাশনের ড্রেন ও কার্লভাট না থাকায় সড়কে জলাবদ্ধতা তৈরী হচ্ছে এবং গাইড ওয়াল না থাকায় সড়ক ভেঙে যাচ্ছে এবং সড়কের স্থায়িত্ব কমে যাচ্ছে । | জনগুরুত্বপূর্ণ অবকাঠামো উন্নয়ন প্রকল্প - ৩ (IRIDP-3) এর মাধ্যমে আনুমানিক ৪০ কিমি ইউনিয়ন ও গ্রামীণ সড়ক নির্মাণ করা হবে।<br>রংপুর বিভাগ গ্রামীন অবকাঠামো উন্নয়ন প্রকল্প - ২ (RDRIIP-2) এর মাধ্যমে আনুমানিক ৩০ কিমি ইউনিয়ন ও গ্রামীণ সড়ক নির্মাণ করা হবে।<br>পল্লী সড়ক ব্রীজ/কালভার্ট মেরামত কর্মসুচী (GOBM) এর আওতায় আনুমানিক ৬০ কিমি সড়ক সংস্কার করা হবে।<br>রুরাল কমিউনিটি ইমপ্রুভমেন্ট প্রজেক্ট (RCIP) এর আওতায় ১৯ কিমি গ্রামীণ সড়ক মেরামত করা হবে।<br>নবিডেপ প্রকল্পের আওতায় ৯ কিমি সড়ক সংস্কারের কাজ | ৪০৭ কিমি গ্রামীণ সড়ক কাঁচা থেকে যাবে | ১। ৮০০ মি সংযোগকারী সড়ক উন্নয়ন (এইচবিবি/আরসিসি) করা যেতে পারে ।<br>২। ৮০০ মিটার গাইড ওয়াল ও ড্রেন নির্মাণ করা যেতে পারে ।<br>৩। বিভিন্ন গ্রামীণ সড়কে ২টি কার্লভাট করা যেতে পারে । |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | চলমান আছে।<br><br>উপজেলা শহর (পৌরসভা নেই) মহাপরিকল্পনা প্রণয়ন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প (টঞ্চগওউচ) এর আওতায় সড়ক ও ড্রেন নির্মাণ করা হবে।<br><br>রংপুর বিভাগ কৃষি গ্রামীণ উন্নয়ন প্রকল্পের মাধ্যমে সড়ক নির্মাণ করা হবে। | | |
| সমবায় | উপজেলার আশ্রয়ন প্রকল্পসমূহে বসবাসরত পরিবারসমূহের খেলাপি ঋণের পরিমান বৃদ্ধি পাচ্ছে। | আশ্রয়ন প্রকল্প, আশ্রয়ণ প্রকল্প। | ১০০ পরিবার | ১। নির্দিষ্ট কোন ট্রেডে প্রশিক্ষিত না হওয়াতে পরিবারসমূহ ঋণের সঠিক ব্যবহার করছে না।<br>২। পরিবারের সদস্য বৃদ্ধি পাওয়াতে অনেক পরিবার ব্যারাক ছেড়ে চলে যাচ্ছে।<br>৩। ব্যারাকসমূহের জরাজীর্ণ অবস্থা, ল্যাট্রিন ও নলকূপ সংকটের কারনে অনেক পরিবার ব্যারাক ছেড়ে চলে গেছে। | কার্যক্রম নেই | ১০০ পরিবার ঋণখেলাপি হয়ে যাবে। | ১। ২ টি আশ্রয়ণ প্রকল্প জরুরী ভিত্তিতে সংস্কার করা যেতে পারে।<br>২। আশ্রয়ণে বসবাসরত ১০০ পরিবারকে বিভিন্ন ট্রেডভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা যেতে পাওে এবং তারপর সমবায় দপ্তর হতে ঋণ প্রদান করা যেতে পারে |
| সমবায় | উপজেলা সমবায় কার্যালয় হতে সমবায় সমিতির সদস্যদের সেবা প্রাপ্তি বিঘ্নিত হচ্ছে। | উপজেলা সমবায় কার্যালয়, উপজেলা পরিষদ | নিবন্ধিত ৫২ টি কার্যকর সমবায় সমিতির ১০ হাজার (দশ) হাজার সদস্য | ১। উপজেলা সমবায় কার্যালয়ের জরাজীর্ণ অবকাঠামো | কার্যক্রম নেই | নিবন্ধিত ৫২ টি কার্যকর সমবায় সমিতির ১০ হাজার (দশ) হাজার সদস্য | ১। জরুরী ভিত্তিতে উপজেলা সমবায় কার্যালয়ের চালা, বারান্দা ও অন্যান্য অবকাঠামো সংস্কার ও উন্নয়ন করা যেতে পারে। |
| | | | | | | | ১। জরুরী ভিত্তিতে উপজেলা যুব উন্নয়ন কার্যালয়ের চালা, বারান্দাও অন্যান্য |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | বিঘ্নিত হচ্ছে। | পরিষদ, | | অবকাঠামো | | | অবকাঠামো সংস্কার ও উন্নয়ন করা যেতে পারে। |
| পল্লী উন্নয়ন | উপজেলা পল্লী উন্নয়ন কার্যালয় হতে ঋণ গ্রহীতারা ঋণ পরিশোধে অনীহা দেখাচ্ছেন এবং ঋণখেলাপি হয়ে যাচ্ছেন। | উপজেলার ০৯ টি ইউনিয়ন | ৪০০০ জন ঋণ প্রহীতা | ১। গৃহীত ঋণের অর্ সঠিক খাতে বিনিয়োগ করতে পারছে না। ২। ঋণের অর্ পরিশোধে অনীহা ও অপারগতা প্রকাশ করা। | কার্যক্রম নেই | ৪০০০ জন ঋণ প্রহীতা | ১। উপজেলা পরিষদ ৪০০০ জন ঋণ গ্রহীতার জন্য দক্ষতা বৃদ্ধিমূলক বিভিন্ন প্রশিক্ষণে ব্যবস্থা করতে পারে। |
| দুর্যোগ ব্যবস্থাপনা | দুর্যোগপূর্ব, দুর্যোগকাল ও দুর্যোগ পরবর্তী সময়ে জনগণ ক্ষতিগ্রস্ত হচ্ছে। | উপজেলার ৯ টি ইউনিয়ন | উপজেলার সকল জনগণ | ১। দুর্যোগের সময় জনগণের করণীয় সম্পর্কে ধারণার অভাব। ২। দুর্যোগকালীন ও পরবর্তী সময়ে উদ্ধারকার্য পরিচালনা করার জন্য প্রশিক্ষিত স্বেচ্ছাসেবক নেই। | ১। দুর্যোগ পরবর্তী সময়ে উপজেলা প্রকল্প বাস্ড়বায়ন কর্মকর্তার কার্যালয় হতে ক্ষতিগ্রস্ত জনগণের মাঝে ত্রান সহায়তা প্রদান করা হয়। | উপজেলার সকল জনগণ | ১। মশক নিধনে ০৯টি ফগার মেশিন ক্রয় করা যেতে পারে। |

## ৪. বাজেটের সার-সংক্ষেপ

বার্ষিক পরিকল্পনা প্রণয়নকালে, সম্পদ চিহ্নিতকরণ অত্যন্ত গুরুত্বপূর্ণ, উপজেলা পরিষদ তার সরাসরি নিয়ন্ত্রনাধীন উন্নয়ন তহবিল ব্যবহার করে নির্দিষ্ট সংখ্যক প্রকল্প ঐ আর্থিক বছরে বাস্তবায়ন করবে। উপজেলা পরিষদ কর্তৃক পরিচালিত উন্নয়ন তহবিল ঐ উপজেলার উন্নয়নে ব্যয়িত সমুদয় সম্পদের মাত্র ৫-১০% ।এই প্রক্রিয়া বিভিন্ন উৎস থেকে প্রয়োজনীয় অর্থনৈতিক তথ্য-উপাত্ত সংগ্রহ করার মাধ্যমে সম্পাদন করা যেতে পারে। বার্ষিক পরিকল্পনার প্রকল্প অর্থায়নের ক্ষেত্রে উপজেলা পরিষদের সরাসরি নিয়ন্ত্রনে থাকা উন্নয়ন তহবিলের উৎস হচ্ছে নিম্নোক্ত

১) উপজেলার বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)
২) বিশেষ অনুদান
৩) স্থানীয়ভাবে অর্জিত সম্পদ

শ্রীমঙ্গল উপজেলার বার্ষিক পরিকল্পনা ২০২৫-২৬ প্রস্তুতিতে আর্থিক প্রক্ষেপণ ও উক্ত বছরের বাজেট প্রাক্কলনের জন্য, নিম্নোক্ত "বাজেটের সার-সংক্ষেপ ২০২৫-২৬" ছক ৩ ব্যবহার করেছে।

**ছক ৩: উপজেলার ২০২৫-২৬ অর্থবছরের বাজেটের সার-সংক্ষেপ**

| বিবরণ | | ২০২৩-২০২৪ অর্থ বছরের প্রকৃত | ২০২৪-২০২৫ অর্থ বছরের সংশোধিত বাজেট | ২০২৫-২০২৬ অর্থ বছরের বাজেট |
|---|---|---|---|---|
| অংশ-১ | রাজস্ব হিসাব<br>প্রাপ্তি ঃ<br>রাজস্ব<br>অনুদান | **৩,৬২,৬৭,৮১৬.৫৫** | **২,২১,৭০,২৫৮/-** | **৩,৩১,৬৫,৪০০/-** |
| | মোট প্রাপ্তি ঃ | **৩,৬২,৬৭,৮১৬.৫৫** | **২,২১,৭০,২৫৮/-** | **৩,৩১,৬৫,৪০০/-** |
| | বাদ (-) রাজস্ব ব্যয় | **৬৪,৭৯,৭০৬.৩৫** | ৩৭,০৯১৬১/- | **৮১,৬৫,৪০০/-** |
| | রাজস্ব উদ্বৃত্ত/ঘাটতি (ক) | ২,৯৭,৮৮,১১০/২০ | ২,১৫,৫১,৬২০/- | ২,৫০,০০,০০০/- |
| অংশ-২ | উন্নয়ন হিসাব<br>উন্নয়ন অনুদান | ১,০৮,২০,০০০/- | ১,১০,৬০,০০০/- | ১,২০,০০,০০০/- |
| | অন্যান্য অনুদান ও চাঁদা | -- | -- | -- |
| | মোট (খ) | ১,০৮,২০,০০০/- | ৩,২৬,১১,৬২০/- | ১,২০,০০,০০০/- |
| | মোট প্রাপ্ত সম্পদ (ক+খ) | ৪,০৬,০৮,১১০/২০ | ৩,২৬,১১,৬২০/- | ৩,৭০,০০,০০০/- |
| | বাদ উন্নয়ন ব্যয় | -- | -- | -- |
| | সার্বিক বাজেট উদ্বৃত্ত/ঘাটতি | -- | -- | -- |
| | যোগ প্রারম্ভিক জের<br>(১লা জুলাই) | -- | | -- |
| | সমাপ্তি জের | -- | -- | -- |

## ৫. বিভিন্ন উৎস হতে উপজেলায় পরিচালিত উন্নয়ন কার্যক্রম

উন্নয়নের ফলাফলকে সর্বাধিক করতে এবং উপজেলা স্তরে সীমিত সম্পদের কার্যকর ব্যবহার নিশ্চিত করতে উপজেলা পরিষদ উপজেলাস্থ ইউনিয়ন, পৌরসভা ও হস্তান্তরিত বিভাগসমূহের সাথে উত্তম সমন্বয় ও সহযোগিতা এমনভাবে নিশ্চিত করবে যেন বিভিন্ন প্রকল্প/পরিকল্পনার মধ্যে পরিপূরকতা ও সাযুজ্য( Sznergy) তৈরি করা যায়। উপজেলা পরিষদের সরাসরি নিয়ন্ত্রণ রয়েছে উপজেলার ভেতর চলমান বা গৃহীতব্য অন্যান্য উন্নয়ন কার্যক্রমগুলো কি তা না বুঝে উপজেলা পরিষদ একটি সমন্বিত বার্ষিক পরিকল্পনা প্রণয়ন করতে সক্ষম হবে না বা অন্যদিকে উপজেলার উন্নয়নে তার সীমিত সম্পদসমূহের দক্ষ ব্যবহারও নিশ্চিত করতে পারবে না।

